



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাজ্জামাটি পার্বত্য জেলা
(তথ্য ও অভিযোগ শাখা)
www.dcrangamati.gov.bd



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : মোহাম্মদ মিজানুর রহমান, জেলাপ্রশাসক, রাজ্জামাটি পার্বত্য জেলা
সভার স্থান : জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২০ মার্চ ২০২২
সময় : বেলা ১২.১৫ টা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে, “সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য”। সেবার মান বৃদ্ধি করার জন্য জনসেবা প্রদানকারী দপ্তরসমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা গুরুত্বারোপ করা প্রয়োজন। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার জন্য সরকার ডিজিটাল পদ্ধতির মাধ্যমে পদক্ষেপ নিয়েছেন। তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগণকে সেবা দেয়ার পদ্ধতি সহজীকরণের জন্য প্রত্যেকের নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া তৈরী করার আহ্বান জানানো হয়। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ফ্রন্ট ডেস্ক/হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।	হেল্প ডেস্ক/ইনফরমেশন ডেস্ক/ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক জনগণ সেবা গ্রহণে যাতে বঞ্চিত বা হয়রানির স্বীকার না হন সে বিষয়ে লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলাপ্রশাসকের কার্যালয়
২.	প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ নিয়মিত ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)
৩.	নাগরিক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/ বসার স্থান নির্মাণ/ অপেক্ষমান কক্ষ প্রস্তুত করণের বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল দপ্তরে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/বসার স্থান নির্মাণ/অপেক্ষমান কক্ষ প্রস্তুত করা হয়নি সে সকল দপ্তরকে সুবিধামত স্থানে প্রস্তুত করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলাপ্রশাসন, সকল সরকারি দপ্তরসমূহ রাজ্জামাটি পার্বত্য জেলা
৪.	সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও দৃশ্যমান স্থানে প্রদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়।	নাগরিক সেবা প্রদানকারী সকল দপ্তরকে সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও দৃশ্যমান স্থানে প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধান
৫.	নাগরিক সেবা জোরদারকরণে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদ করণের বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য প্রদানকারী কর্মকর্তাদের নাগরিক সেবা জোরদারকরণে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল তথ্য প্রদানকারী কর্মকর্তা



(মোহাম্মদ মিজানুর রহমান)
জেলাপ্রশাসক
ও
সভাপতি

ফোন : ০২৩৩৩৩১৬৩২
ফ্যাক্স : ০২৩৩৩৩১৬০৬/০২৩৩৩৩১৯৪৯
e-mail: dcrangamati@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২১১.০২.০১২.২২-

৪৫

তারিখ: ২২.০৩.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩।রাজশামাটি পার্বত্য জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....রাজশামাটি পার্বত্য জেলা।



(মোহাম্মদ মিজানুর রহমান)
জেলাপ্রশাসক
রাজশামাটি পার্বত্য জেলা